

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ/২৯ মে ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১৬২—গত ১৭ মে ২০১৯ তারিখে আয়ারল্যান্ডে অনুষ্ঠিত ত্রিদেশীয় একদিনের আন্তর্জাতিক টুর্নামেন্টে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। টুর্নামেন্টে লীগপর্বের খেলাগুলোতে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল নিজেদের আধিপত্য বজায় রেখে বড় ব্যবধানে জয়লাভ করে ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। অতঃপর ফাইনাল খেলায় ২৪ ওভারে ২১০ রানের লক্ষ্য নিয়ে ৫ উইকেটের বিরাট ব্যবধানে শক্তিশালী ওয়েস্ট ইন্ডিজকে পরাভূত করে বাংলাদেশ চ্যাম্পিয়ন হয়।

২। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ অনন্য সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতে আরও ভালো ফলাফল অর্জন করে জাতিকে গৌরবান্বিত করবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করে মন্ত্রিসভার ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬/২৭ মে ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(১৬৪৮৫)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১৩ জ্যৈষ্ঠ ১৪২৬

ঢাকা: -----

২৭ মে ২০১৯

গত ১৭ মে ২০১৯ তারিখে আয়ারল্যান্ডে অনুষ্ঠিত ত্রিদেশীয় একদিনের আন্তর্জাতিক টুর্নামেন্টে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। টুর্নামেন্টে লীগপর্বের খেলাগুলোতে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল নিজেদের আধিপত্য বজায় রেখে বড় ব্যবধানে জয়লাভ করে ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। অতঃপর ফাইনাল খেলায় ২৪ ওভারে ২১০ রানের লক্ষ্য নিয়ে ৫ উইকেটের বিরাট ব্যবধানে শক্তিশালী ওয়েস্ট ইন্ডিজকে পরাভূত করে বাংলাদেশ দল চ্যাম্পিয়ন হয়। একটি পরিপূর্ণ ও সুসংহত দল হিসাবে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল অসাধারণ নৈপুণ্য ও ক্রীড়াশৈলী প্রদর্শন করে এ বিজয়ের মাধ্যমে বিশ্ব-ক্রিকেটে অন্যতম পরাশক্তি হিসাবে নিজেদের সুপ্রতিষ্ঠিত করেছে।

মন্ত্রিসভা আশা করে যে, প্রথমবারের মতো কোন টুর্নামেন্টের শিরোপা অর্জন বাংলাদেশ ক্রিকেট দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং আসন্ন 'বিশ্বকাপ ক্রিকেট ২০১৯'-এ স্থায়ী অবস্থান সমুন্নত রাখার ক্ষেত্রে তা বিশেষভাবে অনুপ্রেরণা যোগাবে।

মন্ত্রিসভা বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ অনন্য সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতে আরও ভালো ফলাফল অর্জন করে জাতিকে গৌরবান্বিত করবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd